

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপাত্র

www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৭২

তারিখ: ০৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১০৩৫তম জরুরি কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব মাসুদ খান এর সভাপতিত্বে ১০৩৫তম জরুরি কমিশন সভা অদ্য ১৯/১০/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। Sohel Securities Limited, খ) Island Securities Limited, গ) NLI Securities Limited, ঘ) Be Rich Limited, ঙ) PHP Stocks & Securities Limited, চ) UCB Stock Brokerage Limited এর আবেদনের প্রেক্ষিতে এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই)-এর সুপারিশের ভিত্তিতে উল্লেখিত ৬ (ছয়)টি স্টক ব্রোকারেজ কোম্পানির অনুকূলে কমেডিটি ডেরিভেটিভস ব্রোকার নিবন্ধন সনদ ইস্যুর বিষয়ে নীতিগত অনুমোদন এবং এ লক্ষ্যে লেটার অব ইনটেন্ট (Letter of Intent) ইস্যুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। ঢাকা স্টক এক্সচেঞ্জ ইনভেস্টরস প্রোটেকশন ফান্ড (DSE Investors' Protection Fund) হতে ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীদের দাবি নিষ্পত্তির লক্ষ্যে বাংলা সিকিউরিটিজ লিমিটেড, তামহা সিকিউরিটিজ লিমিটেড, ফ্রেস্ট সিকিউরিটিজ লিমিটেড এবং শাহ মোহাম্মদ সগীর অ্যান্ড কোম্পানি লিমিটেডের ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীদের যাচাইকৃত ও অনিষ্পন্ন দাবির বিপরীতে ইনভেস্টরস প্রোটেকশন ফান্ড এর বিধান অনুসারে প্রত্যেক বিনিয়োগকারীকে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্স বাতিলের প্রক্রিয়াধীন ৯টি আর্থিক প্রতিষ্ঠানের অধীন মোট ১২টি ক্যাপিটাল মার্কেট সার্বিসিডিয়ারি কোম্পানির বিষয়ে কমিশন কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

ক। উল্লেখিত প্রতিষ্ঠানসমূহের মধ্যে দুটি স্টক ব্রোকার, যথা— Premier Leasing Securities Broking Ltd. ও AVIVA Equity Management Ltd. এবং দুটি মার্চেন্ট ব্যাংকার, যথা—PLFS Investments Ltd. ও Prime Finance Capital Management Ltd.—এর নীট সম্পদ পর্যাণ্ট থাকায় এবং কতিপয় মূল্যায়ন সূচকে সন্তোষজনক অবস্থান থাকায় তাদের (ব্যবসায়িক) কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

খ। নীট সম্পদসহ অন্যান্য সিকিউরিটিজ আইন ও বিধিবিধান পরিপালনে ঘাটতি থাকায় চারটি স্টক ব্রোকার, যথা— Premier Leasing Securities Ltd., International Leasing Securities Ltd., Fareast Stocks and Bonds Ltd. ও PFI Securities Ltd.; দুইটি মার্চেন্ট ব্যাংকার, যথা— IL Capital Ltd. ও GSP Investment Ltd.; এবং একটি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি, যথা— Prime Finance Asset Management Company Ltd. -কে ঘাটতি নিরসন ও সংশ্লিষ্ট বিধিবিধান পরিপালন নিশ্চিত করার জন্য ৩০ এপ্রিল ২০২৭ পর্যন্ত সময় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উল্লেখ্য, FAS Capital Management Ltd.-এর বিষয়ে নীট সম্পদের ঘাটতি নিরসন ও প্রয়োজনীয় বিধিবিধান পরিপালনের জন্য ইতোপূর্বে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত সময় প্রদান করা হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র